# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 05 May, 2025

বাগেরহাটে দুই দফা দাবিতে কর্মবিরতি পালন করেছেন বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশনের সদস্যরা। সোমবার (০৫ এপ্রিল)সকাল সাড়ে নয়টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে জেলা জজ আদালতের সামনে অবস্থান নিয়ে এই কর্মসূচি পালন করেন বিচার বিভাগীয় কর্মচারীরা।

এসময় বক্তব্য দেন, বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশন, বাগেরহাট জেলা শাখার সাধারণ সম্পাদক এফএম জাহাঙ্গীর হাসান, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির অঞ্জন কুমার দাস, আবুল বাশার, ইমতিয়াজ শাওন প্রমুখ।

বক্তারা বলেন, বিচার বিভাগীয় কর্মচারীরা রাত দিন কষ্ট করে।তাদের পদন্নতী, বেতন ভাতায় নানা অসংগতি রয়েছে।এসব সমাধান করা এখন সময়ের দাবি।অতিদ্রুত সরকার আমাদের দাবি মেনে নিবে বলে আশাকরি।

দাবিগুলো হচ্ছে, বিচার বিভাগের জন্য সুপ্রিম কোর্টের অধীনে পৃথক সচিবালয় করে পদস্থান আদালত ও ট্রাইবুনাল সহায়ক কর্মচারীগণকে বিচার বিভাগের সহায়ক কর্মচারী হিসেবে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস বেতন স্কুলের আলোকে বেতন ভাতা প্রদান ও স্বতন্ত্র নিয়োগবিধি প্রণয়ন করা।জুডিশিয়াল সার্ভিস বেতন স্কেলের ১ম থেকে ৬ষ্ঠ গ্রেডের পরবর্তী ৭ম থেকে ১২তম গ্রেডভুক্ত করা।

বাগেরহাট চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/across-the-country/1950775807